

# কেন্দ্র সচিবের ভুল: এসএসসির ফল নিয়ে বিপাকে ৭৫০ শিক্ষার্থী

পিরোজপুর প্রতিনিধি

২০ জানুয়ারি ২০২৩ ০৭:৪৯ পিএম | আপডেট: ২০ জানুয়ারি ২০২৩

১০:১৭ পিএম

4  
Shares



পুরনো ছবি

advertisement

পিরোজপুরের ইন্দুরকানীতে কেন্দ্র সচিবের ভুল ও অসাবধানতায় ৭৫০ জন এসএসসি পরীক্ষার্থী বিপাকে পড়েছে বলে অভিযোগ ওঠেছে। জানা গেছে, এসএসসিতে ক্যারিয়ার শিক্ষা বিষয়ে 'বি' গ্রেড আসায় অনেক শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েও ভালো কলেজে ভর্তির সুযোগ পায়নি। এতে ক্ষেত্র প্রকাশ করেছেন অভিভাবকরা।

সংশ্লিষ্টরা জানান, উপজেলায় গত বছরের এসএসসি পরীক্ষায় বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা বিষয়ে প্রায় ৭৫০ জন শিক্ষার্থী পরীক্ষা দিয়েছে। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছে ২৭ জন। কিন্তু পরীক্ষার ধারাবাহিক মূল্যায়নে ক্যারিয়ার বিষয়ে বোর্ডের নির্দেশিত ৫০ নম্বরের পরিবর্তে ২৫ নম্বর পাঠায় কর্তৃপক্ষ। এতে সব পরীক্ষার্থীর নম্বরপত্রে ক্যারিয়ার শিক্ষা বিষয়ে 'বি' গ্রেড এসেছে। ফলে পরীক্ষার্থীরা মোট নম্বরও কম পেয়েছে।

advertisement

গত বৃহস্পতিবার বরিশাল শিক্ষা বোর্ড থেকে পাওয়া নম্বরপত্রে দেখা যায়, ইন্দুরকানী এম ইউ মাধ্যমিক বিদ্যালয়ের বিজ্ঞান বিভাগের ছাত্র তাহসিন বিন আহসান ১০ বিষয়ের সবগুলোতে জিপিএ-৫ পেয়েও ক্যারিয়ার শিক্ষা বিষয়ে পেয়েছে ‘বি’ গ্রেড। অন্যরাও একই গ্রেড পেয়েছে।

advertisement 4

বিজ্ঞান বিভাগে জিপিএ-৫ পাওয়া ইমনের অভিভাবক মো. ফরিদ গাজী বলেন, কেন্দ্র সচিবের ভুলের কারণে তার ছেলে ‘বি’ গ্রেড পেয়েছে। নম্বর কম পাওয়ায় ভালো কলেজে ভর্তির সুযোগ পায়নি সে।

এসএসসি পরীক্ষা কেন্দ্রের সহকারী হল সুপার ও সহকারী প্রধান শিক্ষক সন্তোষ কুমার বলেন, ‘কেন্দ্রের সব বিদ্যালয়ের ক্যারিয়ার শিক্ষা বিষয়ে সচিব না জেনে ৫০ নম্বরের পরিবর্তে ২৫ দিতে বলায় এ সমস্যা হয়েছে।’

এ বিষয়ে কেন্দ্র সচিব ও ইন্দুরকানী সরকারি সেতার স্মৃতি মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক সাবেরা সুলতানা বলেন, ‘সার্বিক দায়-দায়িত্ব কেন্দ্র কমিটির, সচিবের একার নয়। একজন শিক্ষক ভুল তথ্য দেওয়ায় ২৫ নম্বর পাঠানোর কারণে সবার ‘বি’ গ্রেড এসেছে। এ বিষয় যারা জানেন, তারা সহযোগিতা না করায় এ সমস্যা হয়েছে।’